



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৩-১২-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় 'ট্রিকোটেক্স মহিলা ফুটবল লীগ ২০১৯-২০' এর সমাপনী খেলা অদ্য ১৩-১২-২০২০ তারিখ দুপুর ২:০০ ঘটিকায় কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত লীগে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে বসুন্ধরা কিংস্। উক্ত চ্যাম্পিয়ন দলকে চ্যাম্পিয়ন ট্রফি, মেডেল ও চ্যাম্পিয়ন মানি বাবদ ৩ (তিন) লক্ষ টাকার চেক প্রদান করা হয়।

উক্ত লীগে রানার্স-আপ হওয়ার গৌরব অর্জন করে নাসরিন ফুটবল একাডেমী। উক্ত রানার্স-আপ দলকে ট্রফি, মেডেল ও রানার্স-আপ মানি বাবদ ২ (দুই) লক্ষ টাকার চেক প্রদান করা হয়।

উক্ত প্রতিযোগিতায় Most Valuable Player হিসেবে নির্বাচিত হন বসুন্ধরা কিংস্ এর খেলোয়াড় তহরা খাতুন। উক্ত খেলোয়াড়কে ৫ (পাঁচ) হাজার টাকার চেক প্রদান করা হয়। উক্ত প্রতিযোগিতায় ৩৫ গোল করে Top Scorer বসুন্ধরা কিংস্ এর খেলোয়াড় সাবিনা খাতুন। উক্ত খেলোয়াড়কে ৫ (পাঁচ) হাজার টাকার চেক প্রদান করা হয়।

উক্তসমাপনী খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন (সাফ) ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দীন। বাফুফে সহ-সভাপতি জনাব আতাউর রহমান ভূইয়া (মানিক), বাফুফে সদস্য ও কমিটি ফর ওমেন্স ফুটবল এর চেয়ারপার্সন মাহফুজা আক্তার কিরন, বাফুফে সদস্য জনাব জাকির হোসেন চৌধুরী, বাফুফে সদস্য জনাব বিজন বড়ুয়া, কমিটি ফর ওমেন্স ফুটবল এর সদস্য সৈয়দ রিয়াজুল করিম, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ। চলো খেলি ট্রাস্ট এর চেয়ারম্যান জনাব আশিকুর রহমান।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।